সংবাদ



তারিখ ···· 30 APR 2017
পৃষ্ঠা ২ ······ কলাম ৭ ······


প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ

# তৃতীয় ধাপে তালিকাভুক্ত শিক্ষকদের খসড়া গেজেট প্রকাশ

নিজস্ব বার্তা পরিবেশক

প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের তৃতীয় ধাপের তালিকাভুক্ত শিক্ষকদের খসড়া গেজেট প্রকাশ করেছে সরকার।

গত ২৭ এপ্রিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পুলক রঞ্জন সাহা স্বাক্ষরিত এই গেজেট প্রকাশ করা হয়।

গেজেটে বলা হয়েছে, 'জেলা ও উপজেলা যাচাই কমিটির সুপারিশকৃত তৃতীয় ধাপের অধিগ্রহণকৃত স্কুলের শিক্ষকদের গেজেট প্রকাশের পূর্বে খসড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হলো। এই খসড়ায় প্রকাশিত তথ্যে কোন আপত্তি, গড়মিল বা সংশোধন থাকলে আগামী ১৫ দিনের মধ্যে তা মন্ত্রণালয়ে জানানোর জন্য অনুরোধ করা হলো। তথ্য প্রদানের কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার দায়ী থাকবেন।'

শিক্ষকদের তালিকা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (ীীী.সড়ঢ়সব.মড়া.নফ) পাওয়া যাচ্ছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৩ সালের জানুয়ারি মাসে ২৬ হাজার ১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণের ঘোষণা দেন। এরপর দুই ধাপে ওইসব বিদ্যালয়ের বেশির ভাগ শিক্ষকের চাকরি জাতীয়করণ করা হয়েছে। কিন্তু নানা আইনি জটিলতার কারণে কিছু শিক্ষকের চাকরি সরকারিকরণে অনিশ্চয়তা সৃষ্টি হয়। ওইসব শিক্ষকই এবার জাতীয়করণের আওতায় আসছেন।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| ঊঃ. পরিসংখ্যান বিভাগ | |
| উঃ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর